

মুজিববর্ষের অঙ্গীকার,
শোভন কর্মপরিবেশ
হোক সবার



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
স্বাস্থ্য শাখা
শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,
বিজয়নগর, ঢাকা-১০০০.
www.dife.gov.bd

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০৪.৩৭.০০২.২০.১৬

তারিখ: ১৯ মাঘ ১৪২৭

০২ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: অভ্যন্তরীণ প্রশিক্ষণসমূহে কোভিড-১৯ নির্দেশিকা সংক্রান্ত প্রশিক্ষণ ও অবহিতকরণ সভা
প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্মক্ষেত্রে কোভিড-১৯ প্রতিরোধ ও প্রতিকারে পেশাগত সুরক্ষা ও স্বাস্থ্য বিষয়ক একটি নির্দেশিকা প্রণয়ন করেছে। পাশাপাশি উক্ত নির্দেশিকাটি বাস্তবায়ন সংক্রান্ত ১টি কর্মপরিকল্পনার খসড়া প্রণয়ন পূর্বক শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। উল্লিখিত নির্দেশিকায় কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের জন্য সুনির্দিষ্ট কার্যক্রমের উল্লেখ রয়েছে। তার মধ্যে প্রশিক্ষণ ও উদ্বুদ্ধকরণ সংক্রান্ত কার্যক্রম নিম্নরূপঃ-

- ১। কোভিড-১৯ বিষয়ক বিশেষ উদ্বুদ্ধকরণ সভার আয়োজন;
- ২। কোভিড-১৯ গাইডলাইন/ নির্দেশিকা সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণ এবং প্রশিক্ষণ প্রদান;
- ৩। দপ্তরের অভ্যন্তরীণ প্রশিক্ষণসমূহে কোভিড-১৯ বিষয়টি অন্তর্ভুক্তকরণ।

এমতাবস্থায় সংশ্লিষ্ট সকলকে উল্লিখিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২-২-২০২১

মোঃ মেহেদী হাসান

উপ মহাপরিদর্শক (স্বাস্থ্য)

বিতরণঃ

- ১) উপ -মহাপরিদর্শক (সকল)
- ২) উপ মহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন),
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান
কার্যালয়, ঢাকা।

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০৪.৩৭.০০২.২০.১৬/১(৪)

তারিখ: ১৯ মাঘ ১৪২৭
০২ ফেব্রুয়ারি ২০২১

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে।

- ১) যুগ্ম মহাপরিদর্শক, প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ২) যুগ্ম মহাপরিদর্শক, স্বাস্থ্য শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৩) সহকারী মহাপরিদর্শক (স্টাফ অফিসার টু মহাপরিদর্শক), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৪) অফিস কপি।



২-২-২০২১

মোঃ মেহেদী হাসান
উপ মহাপরিদর্শক